

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২ কাকরাইল, ঢাকা।

“চেষ্টা ব্যতীত মানুষ কিছুই পাবেনা”

স্মারক নম্বর-৪৯.০১.০০০০.৩২১.২৫.০০৭.১৮.৪৮

তারিখ: ২৮/০৪/২০১৯

“ভর্তি বিজ্ঞপ্তি”

দেশে ও বিদেশে ড্রাইভিং পেশার ব্যাপক চাহিদা পূরণ, দেশের সড়ক দুর্ঘটনা এবং অনিয়ম উল্লেখযোগ্য হারে হ্রাস, আন্তর্জাতিকমানের প্রশিক্ষিত গাড়িচালক তৈরি, দেশের প্রান্তিক জনগোষ্ঠীকে ড্রাইভিং প্রশিক্ষণের মাধ্যমে জনসম্পদে পরিণত করার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাত্মক স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) এর অর্থায়নে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) অধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে (টিটিসি) সম্পূর্ণ সরকারি খরচে “পেশাদার ড্রাইভিং লাইসেন্স” প্রদান এবং “ইংরেজি ও আরবী” ভাষা প্রশিক্ষণসহ ০৪ মাস মেয়াদি (৩৬০ ঘন্টা) “মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স” কোর্স জানুয়ারি/২০১৮ হতে চলমান রয়েছে।

“জানুয়ারি হতে এপ্রিল” ও “মে হতে আগস্ট” এবং “সেপ্টেম্বর হতে ডিসেম্বর” অর্থাৎ চার মাস অন্তর প্রতি ব্যাচে ২০ জন করে ২টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। আগামী মে/২০১৯ হতে আগস্ট/২০১৯ পর্যন্ত নিম্নবর্ণিত টিটিসিসমূহে উক্ত কোর্সের প্রশিক্ষণ শুরু হতে যাচ্ছে:-

ক্রম	টিটিসি'র নাম	ক্রম	টিটিসি'র নাম	ক্রম	টিটিসি'র নাম	ক্রম	টিটিসি'র নাম
১	বাংলাদেশ-জার্মান টিটিসি, ঢাকা	১৭	নাটোর টিটিসি	৩৩	খুলনা মহিলা টিটিসি	৪৯	জয়পুরহাট টিটিসি
২	বাংলাদেশ-কোরিয়া টিটিসি, ঢাকা।	১৮	নরসিংদী টিটিসি	৩৪	চট্টগ্রাম মহিলা টিটিসি	৫০	পিরোজপুর টিটিসি
৩	বাংলাদেশ-কোরিয়া টিটিসি, চট্টগ্রাম	১৯	টাঙ্গাইল টিটিসি	৩৫	রাজশাহী মহিলা টিটিসি	৫১	কিশোরগঞ্জ টিটিসি
৪	রাজশাহী টিটিসি	২০	নোয়াখালী টিটিসি	৩৬	বরিশাল মহিলা টিটিসি	৫২	মানিকগঞ্জ টিটিসি
৫	ফরিদপুর টিটিসি	২১	কেরানীগঞ্জ টিটিসি	৩৭	সিলেট মহিলা টিটিসি	৫৩	বরগুনা টিটিসি
৬	কুমিল্লা টিটিসি	২২	বান্দরবান টিটিসি	৩৮	ব্রাহ্মণবাড়িয়া টিটিসি	৫৪	মাগুরা টিটিসি
৭	রাঙ্গামাটি টিটিসি	২৩	জামালপুর টিটিসি	৩৯	শেরপুর টিটিসি	৫৫	গাইবান্ধা টিটিসি
৮	খুলনা টিটিসি	২৪	পটুয়াখালী টিটিসি	৪০	চুয়াডাঙ্গা টিটিসি	৫৬	মৌলভীবাজার টিটিসি
৯	ময়মনসিংহ টিটিসি	২৫	যশোর টিটিসি	৪১	গোপালগঞ্জ টিটিসি	৫৭	শরীয়তপুর টিটিসি
১০	বগুড়া টিটিসি	২৬	ঠাকুরগাঁও টিটিসি	৪২	নড়াইল টিটিসি	৫৮	নওগাঁ টিটিসি
১১	বরিশাল টিটিসি	২৭	চাপাইনবাবগঞ্জ টিটিসি	৪৩	ঝালকাঠি টিটিসি	৫৯	নেত্রকোনা টিটিসি
১২	শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি	২৮	লক্ষ্মীপুর টিটিসি	৪৪	কুড়িগ্রাম টিটিসি	৬০	মাদারীপুর টিটিসি
১৩	দিনাজপুর টিটিসি	২৯	খাগড়াছাড়ি টিটিসি	৪৫	নীলফামারি টিটিসি	৬১	সাতক্ষীরা টিটিসি
১৪	সিলেট টিটিসি	৩০	বিনাইদহ টিটিসি	৪৬	রাজবাড়ি টিটিসি		
১৫	পাবনা টিটিসি	৩১	লালমনিরহাট টিটিসি	৪৭	ভোলা টিটিসি		
১৬	রংপুর টিটিসি	৩২	কুষ্টিয়া টিটিসি	৪৮	পঞ্চগড় টিটিসি		

ভর্তির শর্তসমূহ:

- আবেদনকারীকে অবশ্যই ড্রাইভিং পেশায় আগ্রহী হতে হবে।
- বয়স: ২০ হতে ৩৫ বছর পর্যন্ত।
- শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম জেএসসি/ ৮ম শ্রেণী পাশ।
- জাতীয় পরিচয়পত্র (NID) অবশ্যই থাকতে হবে।
- মহিলা এবং দরিদ্র, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী অগ্রাধিকার পাবে।
- প্রার্থীর স্বাস্থ্য ও দৃষ্টিশক্তি ভাল হতে হবে (কালার ব্লাইন্ডদের আবেদন করার প্রয়োজন নেই)।

অন্যান্য বিষয়সমূহ:

- বৈদেশিক কর্মসংস্থানের সুবিধার্থে “ইংরেজী” এবং “আরবী” ভাষা প্রশিক্ষণের ক্লাস অন্তর্ভুক্ত রয়েছে।
- ১ম ব্যাচ সকাল: ৮.৩০ হতে দুপুর ১.০০ টা এবং ২য় ব্যাচ দুপুর: ২.১৫ হতে সন্ধ্যা ৬.৪৫ টা পর্যন্ত।
- কোর্সের মেয়াদ: প্রতি মাসে ২২ দিন করে ৪ মাস (৩৬০ ঘন্টা)
- প্রশিক্ষণ শেষে বিআরটিএ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষার্থীদেরকে “পেশাদার ড্রাইভিং লাইসেন্স” প্রদান করা হবে।
- ভর্তির জন্য আবেদনকারীকে সংশ্লিষ্ট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে (টিটিসি'তে) যোগাযোগ করতে হবে (www.bmet.gov.bd ওয়েবসাইটে টিটিসিসমূহের ঠিকানা পাওয়া যাবে)।

পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)